



## গ্রামীণ কৃষি মৌসম সেবা

ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ

বিধানচন্দ্র কৃষ্ণ বিশ্ব বিদ্যালয়

মোহনপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ



# কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 07-03-2024

পূর্ব বর্ধমান(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2024-03-07 ( পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2024-03-08	2024-03-09	2024-03-10	2024-03-11	2024-03-12
বৃষ্টিপাত (মি:মি:)	0.0	0.0	0.0	0.0	0.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	29.0	31.0	31.0	31.0	32.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	17.0	16.0	16.0	17.0	19.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	27	30	27	23	35
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	14	14	15	12	12
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	10	11	9	8	6
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	315	335	326	90	289
মেঘের অবস্থা (ওকটা)	0	0	0	0	0

### আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

আগামী কয়েকদিন বৃষ্টিহীন থাকার সম্ভাবনা আছে। আগামী কয়েকদিনে পরিষ্কার আকাশ থাকার সম্ভাবনা রয়েছে। আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক 35% to 40%। সর্বোচ্চ তাপমাত্রা 29.0-32.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে এবং সর্বনিম্ন তাপমাত্রা 16.0-19.0 ডি গ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে বলে আশা করা হচ্ছে।

### সাধারণ পরামর্শাবলী::

মেঘদূত ওয়েদার অ্যাপকে স্মার্ট ফোনে প্লে স্টোর থেকে ডাউন লোড করে নিন এর মাধ্যমে আবহাওয়ার পূর্বাভাস ও কৃষি ভিত্তিক পরামর্শ দর্শ ওয়া হয়, আপনারা পরামর্শ এর জন্য এই মোবাইল এপ্লিকেশন টি ব্যবহার করুন।

### বার্তামূলক পরামর্শ:

আগামী কয়েকদিন বৃষ্টির সম্ভাবনা নেই, স্প্রেয়িং, সারপ্রয়োগ, পরিণত ফসল কাটার কাজ করতে পারেন।

### ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
ধান	যারা চারা তৈরি করে মূল জমিতে রোয়া করে দিয়েছেন তাদের এখন সুসংহত উপায়ে আগাছা নিয়ন্ত্রণ, রোগপোকা দমন, সঠিক সময়ে ও মাত্রায় সার প্রয়োগের বিষয়টি মাথায় রাখতে হবে। রোয়ার ১৫ দিন পর (চারার বয়স ৩ সপ্তাহ) প্রথম চাপান ও চারার বয়স ৬ সপ্তাহ হলে দ্বিতীয় চাপান দেবেন। মাটি পরীক্ষার ভিত্তিতে অনুখাদ্য দিলে ফলাফল ভালো হতে পারে। জিঙ্ক অনুখাদ্যের অভাব মেটাতে একর প্রতি ১০ কেজি জিঙ্ক সালফেট মূল সার বা প্রথম চাপানের সাথে দিতে হবে অথবা রোয়ার ১ মাস ও ১.৫ মাস পর প্রতি লিটার জলে .৫ গ্রাম চিলেটেড জিঙ্ক গুলে স্প্রে করা যায়। বোরন অনুখাদ্যের অভাব হলে ১-২ কেজি বোরক্স প্রতি হেক্টর জমিতে প্রয়োগ করতে

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
	হবে। চারা রোয়ার পর থেকে ধান কটার ১০-১৫ দিন আগে পর্যন্ত ২.৫ সেমি জল ধরে রাখুন। আগাছা দমনের জন্য রোয়ার ৩-৪ দিন বাদে প্রেটিলাক্লোর স্প্রে করতে হবে। রোয়ার ১০ দিন ও ২০ দিন বাদে আগাছা দমন করুন।

### উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
আম	আম বাগানে ফড়িং জাতীয় পোকার পর্যবেক্ষণ করুন এবং পোকা দ্বারা ক্ষতিগ্রস্ত পুষ্পমঞ্জরি বিনষ্ট করে ফেলুন।